

জবিতে প্রথম বর্ষে ভর্তির সাবজেক্ট চয়েজের আবেদন শুরু ৮ ফেব্রুয়ারি

জবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সাবজেক্ট চয়েজের আবেদন শুরু হয়েছে। আগামী ৮ ফেব্রুয়ারি শুরু হয়ে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে।

রবিবার (১ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জবিতে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় 'এ', 'বি' 'ডি' ইউনিটে অংশগ্রহণকারী

পরীক্ষার্থীদের মধ্যে যেসব পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় ন্যূনতম ২০ শতাংশ নম্বর পেয়েছে তারা আবেদন করতে পারবেন।

একই সাথে 'ই' ইউনিটে যেসব পরীক্ষার্থী বহুনির্বাচনী অংশে ন্যূনতম ২০ শতাংশ এবং ব্যবহারিক অংশে ন্যূনতম ১০ শতাংশ নম্বর পেয়েছেন তারা আবেদন করতে পারবেন।

পড়ুন



ফেব্রুয়ারিতে যে ২ দিন বন্ধ থাকবে ব্যাংক

এতে আরো বলা হয়, ভর্তীচ্ছু শিক্ষার্থীরা আগামী ৮ ফেব্রুয়ারি রাত ১১টা ৫৯ মিনিট থেকে ১৬ ফেব্রুয়ারি রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তিসংক্রান্ত ওয়েবসাইট <https://jnuadmission.com> এ নিজ নিজ প্যানেলে লগইন করে বিষয় পছন্দক্রম পূরণ করতে পারবেন।

এর আগে গত ৩০ জানুয়ারি 'বি' ইউনিটের পরীক্ষার মাধ্যমে চলতি বছরের ভর্তি পরীক্ষার কার্যক্রম শেষ হয়।

